রেজিস্ট্রার অফিস
REGISTRAR OFFICE
UNIVERSITY OF CHITTAGONG
CHITTAGONG, BANGLADESH

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ
Phone : PABX : 726311-14,
2606001-10, 2606015-27
Extn. Off: 4201, 4202
Fax : 880-31-2606014
E-mail : vccu66@gmail.com
vccu66@cu.ac.bd.

স্মারক নং: সি.ইউ./আর.ও./টি.সি./এ-৩৮৮(৪)/৯৩৪৭(১৯)/সা: তারিখ: ২১-০৮-২০২৫ ইং।

বরাবর,

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব উম্মে হাবিবা | ১১। | জনাব মো: বিল্লাল হোসেন |
| ২। | জনাব রাশপিয়াতুর রাশপি | ১২। | জনাব আবুজার গিফারী |
| ৩। | জনাব তানভীর আহমেদ | ১৩। | জনাব ফারিন হাবিব পুষণ |
| ৪। | জনাব সুমাইয়া সুলতানা ইমু | ১৪। | জনাব আহমেদ রাগীব চৌধুরী |
| ৫। | জনাব মহিমা আকতার | ১৫। | জনাব মো: আবদুর রহিম |
| ৬। | জনাব মোঃ তৌহিদুল ইসলাম | ১৬। | জনাব আবুজার গিফারী |
| ৭। | জনাব মুহাম্মদ ইয়াছিন | ১৭। | জনাব নুসাইবা জাহান |
| ৮। | জনাব ফরিদুদ্দিন আহমেদ | ১৮। | জনাব ফারজানা আক্তার |
| ৯। | জনাব মু. আলী মুর্শেদ কাজেম | ১৯। | জনাব ফারহাত ইসলাম |
| ১০। | জনাব তাসনিম নুসরাত রেজা | | |

বিষয়: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ০৩/২০২৩ তারিখ: ১২/০৭/২০২৩ মূলে বিজ্ঞাপিত ও বিজ্ঞপ্তি নম্বর: ০৩/২০২৫ তারিখ: ১৯/০৫/২০২৫ মূলে পুনঃবিজ্ঞাপিত আইন বিভাগের প্রভাষক পদে নিয়োগের ব্যাপারে যোগ্য প্রার্থীগণের ইন্টারভিউ কার্ড।

জনাব,

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের বিজ্ঞাপিত প্রভাষক পদে নিয়োগের জন্য আপনার আবেদনপত্রের পরিপ্রেক্ষিতে আদেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, উক্ত পদে শিক্ষক নিয়োগের ব্যাপারে নির্বাচনী বোর্ডের এক সভা আগামী ১১-০৯-২০২৫ ইং তারিখ সকাল ১০ টা ৩০ মিনিটে **এ বিশ্ববিদ্যালয়ের ড. এ. আর. মল্লিক ভবনে (প্রশাসনিক ভবন) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।**

অত্র বিশ্ববিদ্যালয়ে প্রচলিত নিয়মানুযায়ী প্রার্থীগণের নিকট হতে সংশ্লিষ্ট বিষয়ে ৫০ (পঞ্চাশ) নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করে এতে ৬০% ও তদূর্ধ্ব নম্বর প্রাপ্ত প্রার্থীগণের নিকট হতে ২৫ (পঁচিশ) নম্বরের ক্লাশ প্রেজেন্টেশন ও ২৫ (পঁচিশ) নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

অতএব, লিখিত পরীক্ষা/ক্লাশ প্রেজেন্টেশন/মৌখিক পরীক্ষার জন্য আপনার দরখাস্তে বর্ণিত তথ্যের সমর্থনে সকল শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার মূল সনদপত্রসহ উক্ত তারিখে যথাসময়ে প্রশাসনিক ভবনে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো। এ জন্য বিশ্ববিদ্যালয় থেকে আপনাকে কোনো যাতায়াত ভাতা বা মহার্ঘ ভাতা প্রদান করা হবে না।

উল্লেখ্য যে, আপনি কোনো সংস্থায় বর্তমানে কর্মরত থাকলে এবং ইতোমধ্যে আপনার দরখাস্ত নিয়োগকারী কর্তৃপক্ষ ফরওয়ার্ড না করে থাকলে "নির্বাচিত হলে আপনাকে যথাসময়ে রিলিজ করা হবে"- এ মর্মে একটি প্রত্যয়নপত্র (এন ও সি) আপনার বর্তমান কর্মস্থল/নিয়োগকারী কর্তৃপক্ষ থেকে সাক্ষাৎকারের পূর্বে দাখিল করতে হবে, অন্যথায় আপনাকে লিখিত পরীক্ষা/ক্লাশ প্রেজেন্টেশন/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(মোঃ হাছান মিয়া)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নং: সি.ইউ./আর.ও./টি.সি./এ-৩৮৮(৪)/৯৩৪৭(১৯)/১/সা: তারিখ: ২১-০৮-২০২৫ ইং।

অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক, আই.সি.টি. সেল, চ.বি.। ইহা প্রচারের নিমিত্ত চ.বি. ওয়েবসাইটে https://cu.ac.bd./noticeboard-এ আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

(মোঃ হাছান মিয়া)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।